

ত্রিপুরা সরকার  
তথ্য ও সংস্কৃতি অধিকার

\*\*\*\*\*

স-৪৭৫৩  
আগরতলা, ১ ফেব্রুয়ারি, ২০২৪

তুলসীবতী বালিকা বিদ্যালয়ে আগামীকাল থেকে রাজ্যভিত্তিক বাল বৈজ্ঞানিক প্রদর্শনী

৫১তম রাজ্যভিত্তিক বাল বৈজ্ঞানিক প্রদর্শনী আগামীকাল থেকে শুরু হবে। প্রদর্শনী চলবে ৩ ফেব্রুয়ারি পর্যন্ত। আজ সচিবালয়ের প্রেস কনফারেন্স হলে এক সাংবাদিক সম্মেলনে শিক্ষা দপ্তরের বিশেষ সচিব রাভেল হেমেন্দ্র কুমার এই সংবাদ জানান। সাংবাদিক সম্মেলনে বিশেষ সচিব জানান, এসসিইআরটি'র উদ্যোগে মহারানী তুলসীবতী উচ্চতর মাধ্যমিক বালিকা বিদ্যালয়ে এই বাল বৈজ্ঞানিক প্রদর্শনী অনুষ্ঠিত হবে। মুখ্যমন্ত্রী প্রফেসর (ডাঃ) মানিক সাহা দু'দিনব্যাপী ৫১তম রাজ্যভিত্তিক বাল বৈজ্ঞানিক প্রদর্শনীর আনুষ্ঠানিক সূচনা করবেন। এবারের প্রদর্শনীর মূল ভাবনা হচ্ছে 'সমাজ কল্যাণের জন্য বিজ্ঞান ও প্রযুক্তি'। এই ভাবনার অধীনে আরও কয়েকটি বিষয়কে অন্তর্ভুক্ত করা হয়েছে। এর মধ্যে রয়েছে স্বাস্থ্য, কৃষি, যোগাযোগ ও পরিবহন, পরিবেশবান্ধব জীবনশৈলী, গঠনমূলক চিন্তন প্রভৃতি।

সাংবাদিক সম্মেলনে শিক্ষা দপ্তরের বিশেষ সচিব জানান, রাজ্যভিত্তিক বাল বৈজ্ঞানিক প্রদর্শনীর অঙ্গ হিসেবে আজ আগরতলার বিভিন্ন বিদ্যালয়ের শিক্ষার্থীদের উপস্থিতিতে এবং জনগণকে মিলেট আহার সম্পর্কে সচেতনতার লক্ষ্যে এক শোভাযাত্রার আয়োজন করা হয়েছে। দু'দিনব্যাপী এই প্রদর্শনী চলাকালীন সময়ে মিলেট আহার সম্পর্কে সচেতনতা বিষয়ক আলোচনা, বিজ্ঞান ও পরিবেশ বিষয়ক আলোচনাচক্র, বিতর্ক, কুইজ প্রতিযোগিতা ও সাংস্কৃতিক অনুষ্ঠান হবে। রাজ্যের প্রতিটি জেলা থেকে ৫ জন করে নির্বাচিত শিক্ষার্থী ও সহযোগী শিক্ষার্থীরা এই প্রদর্শনীতে মডেল উপস্থাপন করবেন। বিশেষ সচিব আরও জানান, ভারত সরকারের বিজ্ঞান ও প্রযুক্তি দপ্তর জাপান সায়েন্স এন্ড টেকনোলজি এজেন্সির সাকুরা সায়েন্স হাই স্কুল কর্মসূচি বাস্তবায়ন করছে, যেখানে মানক কর্মসূচির বিজয়ীদের জাপানে আমন্ত্রণ করা হয়। জাপান সায়েন্স এন্ড টেকনোলজি এই সাকুরা কর্মসূচিতে ২০২৪ সালে ৫০ জন হাই স্কুলের শিক্ষার্থীকে জাপানে যাওয়ার আমন্ত্রণ জানিয়েছে। এরমধ্যে ত্রিপুরার ৩ জন শিক্ষার্থী রয়েছে। এরা হলেন উনকোটি জেলার ভগবাননগর হাই স্কুলের ছাত্র মহম্মদ খুরশিদ আলম, আগরতলার শিশু বিহার এইচ এস স্কুলের ছাত্রী মধুরিমা দাস এবং মোহনপুরের জগৎপুর হাই স্কুলের ছাত্র শাকিল সাহা। সাংবাদিক সম্মেলনে মধ্যশিক্ষা অধিকর্তা এন সি শর্মা উপস্থিত ছিলেন।

\*\*\*\*\*